রূপালী ব্যাংক লিমিটেড
প্রশাসন ও মানবসম্পদ বিভাগ
প্রধান কার্যালয়
৩৪, দিলকুশা বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০ ।
www.rupalibank.org

তারিখ ঃ ২৯-০৫-২০১৪ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

দেশের অন্যতম রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক রূপালী ব্যাংক লিমিটেড ব্যাংকিং ব্যবসায়কে আধুনিকায়ন, যুগোপযোগী ও অধিকতর গতিশীল করার লক্ষ্যে ব্যাংকের কম্পিউটারাইজেশন এবং Core Banking Solution (CBS) কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নে উল্লিখিত পদসমূহে নিয়োগের নিমিত্ত বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ

ক্রমিক নম্বর	পদের নাম	বেতনক্রম (জাতীয় বেতন স্কেল-২০০৯)	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
০১.	সিনিয়র প্রিন্সিপাল অফিসার (সিনিয়র নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার) **পদ সংখ্যা - ০১**	২২২৫০- ৯০০×১০-৩১২৫০/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি ।	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্সে ৪ বছর মেয়াদি স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রিধারী/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। খ) একাডেমিক পরীক্ষার যে কোন ২টিতে ১ম বিভাগ/ শ্রেণী/ সমমানের গ্রেড পয়েন্ট থাকতে হবে । কোন ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের গ্রেড পয়েন্ট গ্রহণযোগ্য হবে না । গ) কোন স্বীকৃত পেশাদার কম্পিউটার সোসাইটির কমপক্ষে সহযোগী সদস্য হতে হবে।	সিনিয়র প্রিন্সিপাল অফিসার (সিনিয়র নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার) -এর ক্ষেত্রে প্রোগ্রামার/সহকারী সিস্টেম এনালিস্ট/নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার পদে কমপক্ষে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। নেটওয়ার্কিং-এ বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন এবং CCNA/CCNDA/CCNP, MCSE, RHCE/SCSA সার্টিফিকেটধারী/কোর্স সম্পন্নকারী এবং ISP-এ কাজের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেয়া হবে ।
০২.	সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট প্রোগ্রামার) **পদ সংখ্যা - ৫০**	১১০০০-৪৯০×৭-১৪৪৩০- ইবি-৫৪০× ১১-২০৩৭০/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি ।		সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট প্রোগ্রামার)-এর ক্ষেত্রে প্রোগ্রামিং, সিস্টেম এনালাইসিস এন্ড ডিজাইন, ডাটাবেস এডমিনিস্টেশন, ওয়েব ডেভেলপমেন্ট এ অভিজ্ঞতাসম্পন্ন ও OCA/ OCP/ MCP সার্টিফিকেটধারী/ কোর্স সম্পন্নকারীদের অগ্রাধিকার দেয়া হবে ।
০৩.	সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার) **পদ সংখ্যা - ৪০**			সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার)-এর ক্ষেত্রে হার্ডওয়ার মেইনটেনেন্স এন্ড ট্রাবলশুটিং-এ বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ও Server Troubleshooting/A+ সার্টিফিকেটধারী/ কোর্স সম্পন্নকারীদের অগ্রাধিকার দেয়া হবে।
০৪.	সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার) **পদ সংখ্যা - ৩০**			সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার)-এর ক্ষেত্রে নেটওয়ার্কিং-এ বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন এবং CCNA/ CCND/CCNP/MCSE/RHCE সার্টিফিকেটধারী/ কোর্স সম্পন্নকারীদের অগ্রাধিকার দেয়া হবে ।

বিঃ দ্রঃ গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২-০৬-২০০৯ ও ০২-০৩-২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমতে, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নির্ধারিত হবে।

অন্যান্য শর্তসমূহ

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে ।

২। একজন প্রার্থী যে কোন একটি পদের জন্য আবেদন করতে পারবেন ।

৩। বয়স ঃ ১ নম্বর ক্রমিকের প্রার্থীর ক্ষেত্রে ২২-০৬-২০১৪ তারিখে সর্বনিম্ন বয়স ২৯ এবং সর্বোচ্চ ৪২ বছর । ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রার্থীদের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স ২১ এবং সর্বোচ্চ ৩০ বছর এবং মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান এর ক্ষেত্রে প্রার্থীদের সর্বোচ্চ বয়স ৩২ বছর । রূপালী ব্যাংক লিমিটেডে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য ।

৪। আবেদনকারীকে অত্র ব্যাংকের ওয়েব সাইট (http://www.rupalibank.org/recruitment)-এ দেয়া আবেদন ফরম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে । ওয়েব সাইট (http://www.rupalibank.org/recruitment) এ দেয়া নির্দেশনা মোতাবেক যথাযথভাবে আবেদন ফরম পূরণ করে এবং আবেদনপত্রের নির্ধারিত স্থানে পাসপোর্ট আকারের স্বচ্ছ ছবি স্ক্যান ও Upload করে আবেদনপত্র সম্পূর্ণ করতে হবে ।

(পাতা নং-২)

৫। আবেদন ফরম যথাযথভাবে পূরণের পর আবেদনকারীকে একটি ট্রাকিং নম্বর দেয়া হবে, যা পরবর্তী কার্যক্রমের জন্য প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। ট্রাকিং নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী তার প্রদেয় তথ্য পরিবর্তন করতে পারবেন তবে আবেদনপত্র দাখিলের (জয়থলভড়ড়ভষশ) পর প্রার্থী কোন তথ্য পরিবর্তন/সংশোধন করতে পারবেন না।

৬। আবেদনপত্র দাখিল করার পর প্রার্থীর ছবি সম্বলিত আবেদনপত্র এবং ফি জমার দেয়ার রশিদ Download করে প্রিন্ট করতে হবে। ফি জমা দেয়ার রশিদের মাধ্যমে প্রার্থীকে রূপালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখায় ৩০০/-(তিনশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিতে হবে। ফি জমা দেয়ার মূল রশিদ এবং দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে এবং পরবর্তীতে ব্যাংকের চাহিদা অনুযায়ী দাখিল করতে হবে।

৭। সংশ্লিষ্ট পদের জন্য চাহিদা অনুযায়ী ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার পরীক্ষার ফল প্রকাশিত না হলে আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।

৮। ০৫-০৬-২০১৪খ্রিঃ থেকে ২২-০৬-২০১৪খ্রিঃ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদনপত্র দাখিল করা যাবে । নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র দাখিল করা যাবে না।

৯। বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১২। নির্ধারিত প্রক্রিয়ায় আবেদনপত্র জমা দেয়া শেষে প্রার্থীদের তথ্য প্রক্রিয়াকরণ সম্পন্ন এবং বাছাই করে যোগ্য বিবেচিত হলে তাদের অনুকূলে লিখিত পরীক্ষার জন্য Admit Card ইস্যু করা হবে। আবেদনকারীকে ব্যাংকের ওয়েব সাইট (http://www.rupalibank.org/recruitment) থেকে লিখিত পরীক্ষার Admit Card Download করতে হবে। লিখিত পরীক্ষার কেন্দ্রের নাম, পরীক্ষার তারিখ ও সময় রূপালী ব্যাংক লিমিটেড এর ওয়েব সাইট (http://www.rupalibank.org/ recruitment) এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে পরবর্তীতে প্রকাশ করা হবে।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যেকোন আবেদনপত্র বাতিলসহ এ নিয়োগ কার্যক্রম/প্রক্রিয়া সংশোধন বা বাতিলের অধিকার সংরক্ষণ করে।

১৪। লিখিত পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার জন্য ডাকা হবে। মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান রূপালী ব্যাংক লিমিটেড এর website- এ প্রকাশ করা হবে। নির্বাচিত প্রার্থীদেরকে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার দিন নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে এবং দাখিলতব্য সকল সনদের মূলকপি সংঙ্গে রাখতে হবে ঃ-

ক) অনলাইনে প্রেরিত আবেদনপত্রের প্রিন্ট কপি।
খ) লিখিত পরীক্ষার Admit Card-এর কপি।
গ) ৪(চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
ঘ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও মার্কশীট/গ্রেডশীটের সত্যায়িত কপি।
ঙ) নাগরিকত্ব সনদ।
চ) জন্ম সনদের সত্যায়িত কপি।
ছ) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান /উপজাতি/প্রতিবন্ধী হলে এতদবিষয়ে প্রদত্ত তথ্যের স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সকল সনদ এবং আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি।
জ) চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে বর্তমান নিয়োগ কর্তৃপক্ষের নিকট থেকে নেয়া অনাপত্তিপত্র।
ঝ) ৩০০/- টাকা জমা দেয়ার রশিদের মূল কপি।

(মোহাম্মদ জাহাঙ্গীর)
উপ-মহাব্যবস্থাপক